সংবাদ

তারিখ 10 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ... 2

### ছান্দড়া সর. প্রা. বিদ্যালয়

# শালিখায় চার শিক্ষকে চলছে ৩শ' শিক্ষার্থীর পাঠদান

**প্রতিনিধি, শালিখা (মাগুরা)**

মাগুরার শালিখা উপজেলার চান্দড়া সরকারি প্রথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে শিক্ষক সংকট থাকায় মাত্র ৪ জন শিক্ষক দিয়ে ৩০০ শিক্ষার্থীর ক্লাস চলছে। শিক্ষক সংকট থাকার ফলে এ বিদ্যালয়ের কোমল মতি শিক্ষার্থীদের পাঠ দানে ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে। এতে করে শিক্ষার্থীরা ঝরে পড়ার আস্মকা করছে অভিভাবক মহল। সরেজমিনে গিয়ে দেখা যায়, স্কুলটিতে মোট ৮ জন শিক্ষক থাকার কথা থাকল্লেও প্রধান শিক্ষকসহ ৪ জন শিক্ষক দিয়ে কোন রকম শিক্ষার্থীদের দায় শারামত ক্লাস চলছে। এ ব্যাপারে প্রধান শিক্ষক বিল্লাল হোসেনের সঙ্গে কথা বললে তিনি বলেন, সরকারিভাবে স্কুলটিতে ৮ জন শিক্ষক থাকার কথা থাকলেও তা নেই। বর্তমানে ৫ জন শিক্ষক রয়েছে। এর মধ্যে সহকারী শিক্ষক নাসরিন আক্তার মাতৃকালিন ছুটিতে রয়েছে। বাকি শিক্ষক সংকট থাকায় বিষয়টি নিয়ে শিক্ষা অফিসে লিখিত অভিযোগও করেছি। কিন্তু কোন ফল পাচ্ছি না। এলাকাবাসি জানিয়েছেন বিদ্যালয়টিতে গত ৬ মাস যাবৎ ৪ জন শিক্ষক সংকট রয়েছে। যে কারণে আমাদের সন্তানদের লিখাপড়া করা দুস্কর হয়ে পড়েছে। এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার অরুন কুমার ঢালির সঙ্গে কথা বললে তিনি বলেন, প্রধান শিক্ষকের সুপারিশে দুজন শিক্ষক বদলী হয়েগেছেন। আর একজন শিক্ষক মাতৃত্বকালিন ছুটিতে আছেন এবং একজন শিক্ষক পিআরএল' রয়েছেন। এখন ৫ জন শিক্ষক বিদ্যালয়টিতে কর্মরত আছেন। তবে শিক্ষর্থী সংখ্যা অধিক হওয়ায় শিক্ষক দেয়া প্রয়োজন; পবিত্র ঈদুল আজহার ছুটির পরে বিষয়টি বিবেচনা করা হবে।